এন্ট্রি ও সফটওয়্যার রপ্তানীর মূল্যবান বৈদেশিক মুদ্রা উপার্জনের সুবর্ণ সম্ভাবনা থেকে। বর্তমানে রাজস্ব আয়ে সামান্য ত্যাগ সরকারকে পরবর্তীতে অনেক বেশি রাজস্ব আয় দিতে পারতো। সরকারের উচিত পুরো জিনিষটিকে সুদুর প্রসারী দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করা, খণ্ডিত বা কোন খাটো পাল্লার দৃষ্টিতে নয়। বিসিসি এ ব্যাপারে কিছুই করেনি। তারা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ সমস্ত জিনিষ বুঝাতে পারতেন। কমপিউটার ছাড়া আর কোন আইটেম মূল্য প্রত্যয়নের জন্য পাঠানো হয় না। এখানে রয়েছে এক এক রকম মেশিন বা পেরিফেরালসের জন্য এক এক রকম কর কাঠামো।' অত্যন্ত ক্ষোভের সাথে তিনি উল্লেখ করেন, একটি এলসির মাল খালাস করতে ৫৪টি স্বাক্ষরের প্রয়োজন হয়। প্রথমেই এনবিআরের কার্যক্রমকে পুরাপুরি কমপিউটারায়ন করা দরকার।

তিনি আরো জানান, বাংলাদেশের কমপিউটার আমদানীর পরিমাণ এত কম যে, মূল বিক্রেতা কোম্পানী মূল্য হ্রাসের ব্যাপারে এ দেশের প্রতি ততটা উৎসাহ দেখায় না।

### হ্রাসকৃত মূল্যের আইটেম আসে দেরীতে

জনাব মঈন খানের এ বক্তব্যের প্রায় একই সুরে, ফ্লোরা লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব এম এন ইসলাম জানান, 'বিদেশে দাম কমার সাথে সাথে হ্রাসকৃত মূল্যের আইটেম আমরা এখানে পাই না। ওখানেই হ্রাসকৃত মূল্যের পিসির প্রচণ্ড চাহিদা এখন। আমরা বুক করেও মাল পাচ্ছি না। কারণ আমাদের দেশের চাহিদা খুবই কম। আর এলসি খোলার পর মাল আমাদের হাতে পৌঁছতে এত বেশি (অনেক সময় ২/৩ মাস) সময় নেয় যে সব খরচ যোগ করে অবধারিত ভাবেই দাম বেশি পড়ে। এখানে মুনাফা বেশি করার কোন সুযোগ নেই। কারণ স্কেল ইকোনমির জন্য এখানে অনেকেই একই পণ্য এনে বিক্রি করতে পারেন। ফলে একজন ইচ্ছে করলেও প্রতিদ্বন্দ্বীতার জন্য বেশি দামে কখনো বিক্রি করতে পারে না। তবে মূল কোম্পানী দাম কমালে এবং তা আমদানী করা গেলে এখানেও দাম কমতে বাধ্য।'

### আইবিএম ঃ কোন নির্দেশ পাইনি

বিশ্বব্যাপী মূল্য পতনের সুফল বাংলাদেশে পৌঁছানো প্রসঙ্গে আইবিএম-এর স্থানীয় অফিস জানায় যে, যেহেতু এশিয়া-প্যাসিফিক অঞ্চলভূক্ত আইবিএম অফিস মূল্য হ্রাসের ব্যাপারে তাদের কোন নির্দেশ দেয়নি তাই এ ব্যাপারে তারা কোন মন্তব্য করতে অপারগ। তবে আইবিএম-এর পরিবেশক এনএসএস-এর একজন কর্মকর্তা জানান যে, তারা আইবিএম পিসি পূর্বের তুলনায় বেশ কম মূল্যে দিতে পারবেন।

### গবেষণার খরচ তুলছেন তারা

চলমান মূল্য পতন যুদ্ধ প্রসঙ্গে এনসিআর তুরস্কের আঞ্চলিক অফিসের কর্মকর্তা শেখ ওয়াহিদ বলেন যে, মান সচেতন বড় কমপিউটার কোম্পানীসমূহের গবেষণা ও প্রযুক্তি উন্নয়নের জন্য প্রচুর নতুন তহবিলের যোগান দেওয়া অত্যাবশ্যক তাই একটা গ্রহণযোগ্য মুনাফার মার্জিন ছাড়া এই তহবিল সংগ্রহ করা সম্ভব নয়। তবে এনসিআর কমপিউটারসমূহের দাম আগে বেশী থাকলেও তা কমে আসছে এবং দামটা এখন কোন অসুবিধার বিষয় নয়।

জনাব ওয়াহিদ বলেন, শাখার পরিবর্তে পরিবেশকের মাধ্যমে এখন থেকে বাংলাদেশের এনসিআর মেশিন বিক্রী হওয়াতে দামের ক্ষেত্রে অনেক নমনীয় হওয়ার সুযোগ পাবে পরিবেশক লিডস কর্পোরেশন। ইতিমধ্যে একটি ক্রেতার ক্ষেত্রে পূর্বে চাওয়া দাম পরবর্তীতে লিডস কর্পোরেশন কমিয়ে দিয়ে এসেছে।

### দামী অফিসের বিক্রেতারা

কয়েকজন উৎসাহী ক্রেতা এখানকার পিসির চড়া দামের ব্যাপারে মন্তব্য করতে গিয়ে বলেন —এখানে বিক্রেতাদের ভীষণ দামী দামী সুসজ্জিত অফিস ও ব্যবহার দেখে মনে হয় না তারা এ দেশের সাধারণ ক্রেতাদের ব্যাপারে উৎসাহী। মাসে ওভারহেড ব্যয় লাখ লাখ টাকা অথচ ৫/৭ টা মেশিন বিক্রি করে এমন বিক্রেতার সংখ্যা বিরল নয়। ফলশ্রুতিতে ক্রেতা সাধারণকেই এর ব্যয়ভার বহন করতে হয়।'

জনাব মঈন খানকে এ প্রসঙ্গে মন্তব্য করতে বলা হলে তিনি এ অবস্থার কথা স্বীকার করেন। তবে এ ধরনের বিক্রেতার সংখ্যা নগণ্য বলে তিনি জানান। তার মতে ক্রেতারা সতর্ক হলে এ ধরনের কোম্পানী এমনিতেই ঝরে পড়বে।

### এখন অপেক্ষা একজন বাংলাদেশী রবিনহুডের

বাংলাদেশে পিসির জন্য রয়েছে সুপ্ত বিরাট বাজার। কমপিউটার নাগালে পাবার প্রবণতা বাড়ছে বেশ দ্রুত।

কমপিউটার মূল্য হ্রাসের চলতি সুবিধা অবশ্য বাংলাদেশ এখনো স্পর্শ করতে পারেনি এসব বাস্তব সীমাবদ্ধতার কারণে। তবে অসংখ্য মানুষ উন্মুখ হয়ে আছেন, মূল্য পতনের এই ঢেউ কবে ক্রেতাদের দোরগোড়ায় পৌঁছবে। মূল্য হ্রাসের কারণে কমপিউটার মধ্যবিত্ত ও উচ্চ মধ্যবিত্তের এমনকি নিম্নবিত্তদের ক্রয় ক্ষমতার মধ্যে এলে এদেশে কমপিউটারের প্রসার হবে অভাবিত। বিশ্বব্যাপী রবিনহুড হওয়ার প্রতিযোগিতার এই সুসময়ে বাংলাদেশেও প্রয়োজন রয়েছে একজন রবিনহুডের — যিনি অবারিত করে দেবেন তার উদার হাত দিয়ে সুলভ মূল্যের সেরা কমপিউটার কেনার রুদ্ধ দ্বারটি। পুরো জাতি এখন অপেক্ষায় রয়েছে সেই বাংলাদেশী কমপিউটার রবিনহুডের। ❋


We are offering following Special Courses

1. *Data Entry Operator's Course [40th Batch]*
   Duration : 2 months
   Starts from : 15.09.92
2. *Secretarial course with Computer [3rd Batch]*
   Duration : 2 months
   Starts from : 15.09.92
3. *Hardware Maintanance & IBM PC Trouble-Shooting [7th Batch]*
   Duration : 3 months
   Starts from : 15.09.92
4. *Programming with dBASE & Foxbase [6th Batch]*
   Duration : 3 months
   Starts from : 16.09.92

(Courses conducted by Engr. Hakikur Rahman)

**I C. M S**

COMPUTER TRAINING CENTRE

Mirpur 10-B, Ave: 1/ Plot 3
Dhaka-1221. Phone: 802458, 802763

Dedicated Trainer in Software & Hardware since 1989.

**TOTAL SERVICES**

Private security Guard, Gardener/Daily Labour & Rent A Car. Computer Training, Photocopier, Spairal, Short-Film and Garments Accessories. TV Antenna, Switch, Toys, Pipe, Trolly, Bottles and Handicrafts etc.

| Sales | Rent & Services | Data-Entry |
|---|---|---|
| Computer | Computer | Bio-data |
| Printer | Printer | Thesis/Letter |
| Stabilizer | H/W Install | Payroll/GL |
| UPS/Fax | Consultancy | Reports & DTP |
| Diskette | Software Dev. | Stock/LC |
| Ribbon | Ribbon Re-inking | Field Report |
| Paper | Ribbon Re-filling | Statistical data |

**TRAINING**

| | | |
|---|---|---|
| WordPerfect5.1 | Telex | Basic Programming |
| WordStar | Fax | dBASE Programming |
| Lotus 1-2-3 | Typing | Turbo-C |
| Quattro Pro 3.0 | Driving | Pascal/Cobol |
| dBase III Plus/ IV | Shorthand | Fortran-77 |
| Accounting | Sewing | Spss PC+ |

ANANTA JOTI
TOP OF THE TIME

**ANANTA JOTI**

Phone : 815445, 814253
Fax : 880-02-814253

Baitush Sharaf Mosque
Farmgate (Opposite Tejgaon PS)
149/1, Airport Road, Dhaka-1215
Branch : 73 Airport Road, Dhaka.